গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মহাদেবপুর, নওগাঁ
www.acl.mohadevpur.naogaon.gov.bd

স্মারক নম্বর : ৩১.৪৩.৬৪৫০.০০০.৪১.০০১.২৬-২০ তারিখ : ০৪/০১/২০২৬ খ্রি.

**২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল বাংলা ১৪৩৩-১৪৩৫ সন মেয়াদে ইজারার অনলাইন আবেদনপত্র আহ্বান বিজ্ঞপ্তি**

ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখার ২৩ নভেম্বর, ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নং প্রজ্ঞাপনের প্রেক্ষিতে নওগাঁ জেলার মহাদেবপুর উপজেলাধীন নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/ নিবন্ধনকৃত মৎস্যচাষে সম্পৃক্ত সমবায় সমিতি/ সংগঠন অথবা সমাজভিত্তিক মৎস্যচাষ ব্যবস্থাপনার অনুকরণে কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/ জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানের ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত ও সমবায় অধিদপ্তর অথবা সমাজসেবা অধিদপ্তর এর স্থানীয় অফিসে নিবন্ধিত/ একক সমিতি/ সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ২০ একর পর্যন্ত ইজারাযোগ্য (অনুমোদিত তালিকায় বর্ণিত) বদ্ধ জলমহাল শর্তসাপেক্ষে বাংলা **১৪৩৩ সনের ০১ বৈশাখ হতে ১৪৩৫ সনের ৩০ চৈত্র পর্যন্ত** ০৩ (তিন) বছর মেয়াদে শর্ত সাপেক্ষে ইজারা প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য, ২০ একর পর্যন্ত জলমহাল ইজারা প্রদানের ক্ষেত্রে কোনো নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না গেলে সমাজভিত্তিক মৎস্যচাষ ব্যবস্থাপনার অনুকরণে কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/ জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানের ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত ও সমবায় অধিদপ্তর অথবা সমাজসেবা অধিদপ্তর এর স্থানীয় অফিসে নিবন্ধিত/ একক সমিতি/ সংগঠনকে সংশ্লিষ্ট জলমহাল ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা হবে। অনলাইনে জলমহাল ইজারার জন্য **jm.lams.gov.bd** ওয়েবসাইটে প্রবেশ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করে নির্ধারিত তথ্যাদি প্রদানপূর্বক আবেদন দাখিল করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি, জামানত হিসেবে প্রদত্ত বিডি/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে বাংলা **১৮ মাঘ হতে ২০ মাঘের (০১/০২/২০২৬ হতে ০৩/০২/২০২৬)** মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, মহাদেবপুর, নওগাঁ এর (অফিস চলাকালীন সময়) কার্যালয়ে দাখিল করতে হবে। ভুল তথ্য সম্বলিত এবং অসম্পূর্ণ আবেদন বিবেচনাযোগ্য নয়।

**প্রজ্ঞাপন অনুযায়ী অনলাইনে আবেদন দাখিল ও দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি জমাদানের তারিখ**

| ক্রমিক নং | তারিখ | কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ০১ মাঘ হতে ১৫ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ (১৫ জানুয়ারি হতে ২৯ জানুয়ারি, ২০২৬ খ্রি.) এর মধ্যে | সহকারী কমিশনার (ভূমি), মহাদেবপুর, নওগাঁ এর কার্যালয় হতে ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) নগদ মূল্যে দরপত্র/আবেদনপত্র অফিস চলাকালীন সময়ে ক্রয় সাপেক্ষে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। বিজ্ঞপ্তি, দরপত্র/আবেদন ফরমে বর্ণিত শর্তাবলিসহ সর্বশেষ সরকারি পরিপত্র/ নীতিমালা আবেদনকারী সমিতিকে অনুসরণ করতে হবে। |
| ০২ | ১৮ মাঘ হতে ২০ মাঘ, ১৪৩২ (০১ ফেব্রুয়ারি হতে ০৩ ফেব্রুয়ারি, ২০২৬) এর মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি, জামানত হিসেবে প্রদত্ত বিডি/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, মহাদেবপুর, নওগাঁ এর (অফিস চলাকালীন সময়) কার্যালয়ে দাখিল করতে হবে। |

প্রকাশ থাকে যে, অনুমোদিত তালিকায় ইজারাযোগ্য জলমহাল সংযোজন বা বিয়োজন হতে পারে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মহাদেবপুর, নওগাঁ; উপজেলা ভূমি অফিস, মহাদেবপুর, নওগাঁ ও **jm.lams.gov.bd** ও **www. mohadevpur.naogaon.gov.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে। বিজ্ঞপ্তির যে কোনো শর্তাবলি সংযোজন/ বিয়োজন/ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৪.০১.২৬

মোঃ আরিফুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মহাদেবপুর, নওগাঁ।

# শর্তাবলি

১. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী শুধুমাত্র নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির অনুকূলে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে। অনিবন্ধনকৃত কোনো সমিতি/সংগঠন আবেদন করতে পারবে না।

২. প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যারা সমবায়/সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত যেখানে প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সদস্য নেই তারা অনলাইন আবেদনে অংশগ্রহণের জন্য উপর্যুক্ত বলে বিবেচিত হবেন।

**৩. জলমহালের দৃশ্যমান স্থানে সরকারি মালিকানা সংক্রান্ত সাইনবোর্ড (অফিস কর্তৃক নির্ধারিত ফরমেটে) ইজারা গ্রহীতাগণকে নিজ খরচে স্ব-উদ্যোগে স্থাপন করতে হবে।**

**৪. সমবায় বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত কোনো মৎস্যজীবী সমিতি/সংগঠন ০২ টির অধিক পুকুর/জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না।**

৫. নিবন্ধিত সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্যকোন সদস্য থাকলে বা কার্য নির্বাহী কমিটিতে যদি এমন কোনো সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি আবেদনে যোগ্য হবেনা। আবেদনকারী সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী কি-না এবং নিবন্ধনকৃত কি-না তা জেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র সংগ্রহ করে আবেদনের সাথে দাখিল করতে হবে।

৬. ইজারার মেয়াদ বাংলা ১৪৩৩ সনের ১ বৈশাখ হতে ১৪৩৫ সনের ৩০ চৈত্র পর্যন্ত বলবৎ থাকবে। ইজারা বিজ্ঞপ্তিতে ঘোষিত সময় অনুযায়ী আবেদন ফরম ক্রয় ও দাখিল করা যাবে। নির্ধারিত তারিখে কোনো কারণে যদি সরকারি ছুটি ঘোষণা করা হয় তবে ছুটির পরদিন হতে আবেদন বিক্রি বা গ্রহণের তারিখ প্রযোজ্য হবে।

৭. অনলাইনে দাখিলকৃত আবেদনের সাথে উদ্ধৃত দরের (৩ বছরের মোট ইজারা মূল্যের) ২০% হারে জামানত উপজেলা নির্বাহী অফিসার, মহাদেবপুর, নওগাঁ এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং অনলাইনে চাহিত কাগজপত্রের প্রিন্টেড কপি/হার্ডকপি পূরণকৃত আবেদন ফরমসহ জমা দিতে হবে। প্রত্যেক দরদাতাকে দরপত্রের সাথে ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নিকট হতে সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

**৮. দাখিলকৃত দর অনুমোদন হওয়ার পর চূড়ান্ত নোটিশে উল্লেখিত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট পুকুর/জলমহালের ০৩ (তিন) বছরের সমুদয় ইজারামূল্য, ইজারামূল্যের উপর ১৫% ভ্যাট, ১০% আয়কর পরিশোধ করতে হবে। অন্যথায় দাখিলকৃত জামানত সরকারের অনুকূলে স্বয়ংক্রিয়ভাবে বাজেয়াপ্ত হবে এবং ঐ পুকুর/জলমহাল খাস কালেকশন করা হবে। ইজারামূল্যের সমুদয় অর্থ, ভ্যাট ও আয়কর একবারে পরিশোধ করতে হবে। ইজারা অর্থ কোনভাবেই আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।**

**৯. জলমহাল সরেজমিনে পরিদর্শন করে প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে বুঝে আবেদন উপজেলা নির্বাহী অফিসার, মহাদেবপুর, নওগাঁ বরাবর দরপত্র দাখিল করতে হবে। উক্ত বিষয়ে পরবর্তীতে কোনো ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।**

১০. ইজারা প্রদত্ত জলমহালের ০৩ (তিন) বছরের ইজারা মূল্য পরিশোধ করার পর দরপত্র দাতাকে নিজ দায়িত্বে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সহ ৩০০/ (তিন শত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের সাথে চুক্তিনামা সম্পাদন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিস হতে আনুষ্ঠানিকভাবে জলমহালের দখল গ্রহণ করতে হবে। চুক্তিনামা সম্পাদন না করা হলে পরবর্তীতে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না এবং ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার নিকট হতে দখল বুঝে নেয়ার পর উক্ত পুকুরের বিষয়ে কোনো আপত্তি গ্রহণযোগ্য নহে।

১১. ইজারা গ্রহণকারী সমিতি কর্তৃক কোনো অবস্থাতেই ইজারাকৃত জলমহালের সম্পূর্ণ বা আংশিক অন্য কোনো ব্যক্তি বা সমিতির নিকট হস্তান্তর বা সাব-লীজ প্রদান করা যাবে না। অনুরূপ অভিযোগ প্রমাণিত হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতসহ জমাকৃত মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। অভিযুক্ত ইজারা গ্রহণকারী সমিতি পরবর্তী ০৩ (তিন) বছর কোনো জলমহালের ইজারা সংক্রান্ত টেন্ডারে অংশগ্রহণ করতে পারবে না।

১২. কোনো ব্যক্তি বা সমিতি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে (টেন্ডারে অংশগ্রহণকারী সংক্ষুব্ধ সমিতি/ব্যক্তি যদি জামানত ফেরত না নিয়ে থাকেন তবে) ০৭(সাত) কর্মদিবসের মধ্যে জেলা প্রশাসক, নওগাঁ মহোদয়ের নিকট আপীল দায়ের করতে পারবেন।

১৩. আবেদন গৃহীত হলে আবেদনকারীকে ইজারা মূল্য বাবদ অর্থ (কোড নং- ১-৪৬৩১-০০০০-১২৬১) এবং ইজারামূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর অনলাইন চালানের মাধ্যমে সোনালী ব্যাংক, মহাদেবপুর শাখায় জমা দিয়ে চালানের মূলকপি অফিসে দাখিল করতে হবে।

১৪. দরপত্র উপজেলা নির্বাহী অফিসার, মহাদেবপুর, নওগাঁ বরাবর দাখিল করতে হবে।

১৫. মাছ ধরার ক্ষেত্রে বিদ্যমান আইন এবং সময় সময় জারিকৃত সরকারি বিধি বিধান অনুসরণ করা ইজারাগ্রহণকারী সমিতির জন্য বাধ্যতামূলক।

১৬. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ৫ এর (১) নং অনুচ্ছেদ অনুযায়ী মৎস্যজীবী সমিতিটি কার্যকর আছে কি-না এ সংক্রান্ত প্রত্যায়ন এবং সমিতির বিগত ০২ (দুই) বছরের অডিট উপজেলা সমবায় অফিসারের নিকট হতে প্রত্যয়নপত্র সংগ্রহ করে আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১৭. ইজারা প্রদান বিলম্বের কারণে ইজারা অর্থ আংশিক বা হারাহারিভাবে প্রদেয় হবে না অথবা খাসে আদায়কৃত অর্থও ইজারাদারকে প্রদান করা হবে না। আবেদনপত্রের খামে সায়রাতমহালের নাম, মৌজা, দাগ নং, পরিমাণ ইত্যাদি উল্লেখ করতে হবে।

**১৮. বছরের যে সময়েই ইজারা প্রদান করা হোক না কেন তা ০১ বৈশাখ ১৪৩৩ হতে ৩০ চৈত্র ১৪৩৫ পর্যন্ত গণ্য করা হবে।**

১৯. ভুয়া আবেদনকারী প্রমাণিত হলে/পাওয়া গেলে তার আবেদন বাতিল করতঃ তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**২০. ইজারা বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত কোনো পুকুরের মালিকানা নিয়ে জটিলতা থাকলে কিংবা আদালতের কোন নিষেধাজ্ঞা থাকলে কর্তৃপক্ষ ইজারা কার্যক্রম বাতিল / স্থগিত করতে পারবেন অথবা আদালতের আদেশের পরিপ্রেক্ষিতে সিদ্ধান্ত নিতে পারবেন।**

২১. সুনির্দিষ্ট বা যুক্তিসংগত বা বিধি মোতাবেক কোনো কারণে কোন পুকুর/জলমহালের ইজারা বাতিল করা হলে এবং ঐ পুকুর/জলমহালের ইজারামূল্য, আয়কর, ভ্যাট সংশ্লিষ্ট কোডে ইতোমধ্যে সরকারি কোডে জমা করলে জমাকৃত অর্থ কোনো অবস্থাতেই ফেরতযোগ্য নয়।

২২. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ (সকল সংশোধনীসহ) এবং সরকার ঘোষিত সর্বশেষ প্রজ্ঞাপন/পরিপত্র অনুযায়ী অন্যান্য শর্তাবলি প্রযোজ্য হবে এবং বিধি মোতাবেক ও প্রয়োজনে যে কোনো আবেদন গ্রহণ/বাতিল এবং ইজারা বাতিল বা টেন্ডার স্থগিত বা জনস্বার্থে যেকোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি বা উপযুক্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

04.01.26

মোঃ আরিফুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মহাদেবপুর, নওগাঁ।